গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৯.১৯.২৫৮২

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

**বিষয়: জয়পুরহাট জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।**

সূত্র: জেলা পরিষদ, জয়পুরহাট এর স্মারক-জেপ-জয়/নিয়ো-১৯৯/২০২১-২০২২/১০৩, তারিখ: ২৭ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ, জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রদত্ত ছাড়পত্রের মেয়াদ, উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ৬(ছয়) মাস অর্থাৎ গত ২৮ জুলাই ২০২১ হতে আগামী ২৭ জানুয়ারি ২০২২ পর্যন্ত বৃদ্ধির মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | পদের নাম | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | ড্রাইভার | ১ (এক) টি |

**শর্তাবলী:**

১. পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তাবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৪. পদ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।
৭. পদ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, জয়পুরহাট।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।